অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL ঘোষণা করলেন যে DMV 300-এর বেশি চুরি যাওয়া যানবাহন, যানবাহনের টাইটেল এবং সার্ভিস উদ্ধার করেছে, যার মোট দাম 11 মিলিয়ন মার্কিন ডলার

2024 সালে 8 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দামের 303টি চুরি যাওয়া যানবাহন উদ্ধার করা হয়েছে

3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দামের যানবাহনের টাইটেল, মেরামত এবং রিফান্ডের ক্ষতিপূরণ পেতে DMV ভোক্তাদের সাহায্য করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করলেন যে 2024 সালে 11 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দামের চুরি যাওয়া যানবাহন, চুরি যাওয়া পার্টস, সার্ভিসেস এবং হারানো টাইটেল উদ্ধার করতে নিউ ইয়র্ক স্টেটের (New York State) ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles, DMV) ভোক্তাদের সাহায্য করেছে।

"যে নিউ ইয়র্কবাসীরা একটি গাড়ি কিনেছে বা একটি মেরামত করেছে, তাদের জানা উচিত যে নিউ ইয়র্ক তাদের পাশে আছে এবং তাদের সুরক্ষা দিবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ভোক্তাদের সাহায্য করতে আমরা সংকল্পের সাথে কাজ করবো এবং ভোক্তার সন্তুষ্টির জন্য DMV ডিলার ও মেরামতের দোকানগুলির সাথে কাজ করে। সমস্যার যদি সমাধান না করা যায়, তাহলে দ্রুত আইন শৃঙ্খলা রক্ষার পদক্ষেপ নেওয়া হয়।"

DMV-এর কমিশনার Mark J.F. Schroeder (মার্ক জে এফ শ্রোডার) বলেন, "ভোক্তাদের যখন সাহায্য দরকার হয় তখন তাদের সাহায্য করা নিয়ে আমরা অনেক গর্ব করি, এটি হতে পারে ব্যবসা গুটিয়ে নেওয়া কোনো ডিলারের কাছ থেকে টাইটেল নেওয়া, একটি মেরামতের কাজের ব্যাপারে সমস্যার সমাধান করতে ক্লায়েন্ট এবং অটোমেটিভ ব্যবসাগুলির সাথে কাজ, বা চুরি যাওয়া যানবাহন উদ্ধার করা। কাস্টোমারদের জানা উচিত যে যদি তাদের সাহায্যের দরকার হয় তাহলে DMV-তে তাদের বন্ধুরা তাদের সাহায্য করবে।"

গতবছর , DMV চুরি যাওয়ার সময়ে 8,353,334 মার্কিন ডলার দামের 303টি যানবাহন এবং 91,979 মার্কিন ডলারের চুরি যাওয়া পার্টস উদ্ধার করেছে। পুরো দেশে গাড়ি চুরির সমস্যা থেকেই যাচ্ছে, তাই গত অক্টোবর মাসে DMV ভোক্তাদেরকে Facebook Marketplace-এর মতো অনলাইন সাইটের মাধ্যমে গাড়ি বিক্রির প্রতারণার সম্পর্কে সতর্ক করেছে, এবং গাড়ির

ক্রেতাদের মনে করিয়ে দিয়েছে যে অনলাইনে একটি যানবাহন কেনার সময় সতর্ক থাকতে হবে।

চুরি যাওয়া যানবাহন এবং পার্টস উদ্ধারের পাশাপাশি, DMV এছাড়াও ভোক্তাদেরকে অসৎ অটো ডিলার এবং মেরামতের দোকান থেকে 3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দামের যানবাহনের টাইটেল, সার্ভিস এবং রিফান্ড উদ্ধার করতে সাহায্য করেছে।

ভোক্তাদের অভিযোগের তদন্তের পর, ক্রেতাদের কাছে উল্লেখযোগ্য ত্রুটির কথা না বলে যানবাহন বিক্রির জন্য, মেরামত পুরো না করেই ভোক্তাদের কাছ থেকে অর্থ দাবি করার, বা প্রয়োজন ছিলো না এমন মেরামতের জন্য ভোক্তাদের থেকে অর্থ দাবি করার জন্য অটো ডিলার এবং মেরামতের দোকানগুলির বিরুদ্ধে DMV পদক্ষেপ নিয়েছে। এইসব চেষ্টার কারণে মোট 474 জন কাস্টোমার লাভবান হয়েছেন এবং তাদেরকে 1.48 মিলিয়ন মার্কিন ডলার দামের রিফান্ড বা যানবাহনের মেরামত দেওয়া হয়েছে। পাশাপাশি, যাদের থেকে কেনা হয়েছে এমন অটো ডিলারশিপ হঠাৎ বন্ধ হয়ে গেছে বা তারা প্রকৃত মালিককে টাইটেল দিতে চায়নি এমন ক্ষেত্রে 1.56 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দামের যানবাহনের জন্য 67টি টাইটেল উদ্ধার করতে গাড়ির ক্রেতাদের DMV সাহায্য করেছে।

একটি গাড়ির টাইটেলের একটি শংসাপত্র হল সেই নথি যা একজন ব্যক্তি বা ব্যবসাকে আইনী মালিক হিসাবে প্রতিষ্ঠিত করে। একটি টাইটেল ছাড়া, একজন গাড়ির মালিক মালিকানা হস্তান্তর করতে, একটি লিয়েন অপসারণ করতে, বা গাড়ির জন্য ঋণ নিতে বা একটি বীমার দাবি দায়ের করার জন্য প্রয়োজনীয় মালিকানার প্রমাণ দিতে অক্ষম হন।

স্টেটের সিনেটর Leroy Comrie (লিরয় কমরি) বলেন, "যানবাহন চুরি এবং ভুয়া অটো বিক্রি পরিশ্রমী নিউ ইয়র্কবাসীকে ক্ষতিগ্রস্ত করে চলেছে, এবং ভোক্তাদের সুরক্ষা দেওয়ার জন্য শক্ত ব্যবস্থা নেওয়া আমাদের জন্য অতি প্রয়োজনীয়। চুরি যাওয়া যানবাহন উদ্ধার, প্রতারণা ঠেকানো এবং অসৎ ব্যবসাগুলিকে দায়বদ্ধ করতে DMV-এর চেষ্টাগুলি হলো সকল যানবাহনের মালিকের জন্য ন্যায্যতা এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ ধাপ। অটো চুরি এবং প্রতারণার মোকাবেলা করার ব্যাপারে গভর্নর Hochul (হোকল) এবং DMV-এর প্রতিশ্রুতির জন্য আমি তাদের প্রশংসা করছি, এবং ভোক্তাদের সুরক্ষা জোরদার করা এবং আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার উদ্যোগগুলিকে সমর্থন করার ব্যাপারে আমি অঙ্গীকারবদ্ধ আছি।"

স্টেটের সিনেটর Rachel May (র্যাচেল মে) বলেন, "অনেক নিউ ইয়র্কবাসীর জন্য একটি যানবাহন হলো একটি লাইফলাইন যা চাকরিতে যাওয়া, বাচ্চাদের স্কুল বা প্র্যাকটিসে নিয়ে যাওয়া, এবং মুদি কেনাকাটার মতো সাধারণ প্রয়োজনীয় কাজ করতে যাওয়ার মতো প্রতিদিনের কাজকর্ম করতে সাহায্য করে। যখন কারো যানবাহন চুরি হয়, তখন এটি তাদের সম্পূর্ণ রুটিনকে বাঁধাগ্রস্ত করে, খুব সহজ কাজকেও অনেক কঠিন করে তোলে। সেজন্য গত বছর কয়েকশত চুরি যাওয়া যানবাহন উদ্ধার করতে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস যে প্রশংসার যোগ্য চেষ্টা করেছে তা স্বীকার করা গুরুত্বপূর্ণ। এইসব চেষ্টাকে সমর্থন করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে সকলের জন্য আরো নিরাপদ একটি পরিবেশ থাকে এবং DMV আমাদের জন্য নজর রাখছে তা জেনে কিছুটা শান্তি পাওয়া যায়।"

স্টেটের সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "যানবাহন চুরি এবং ভুয়া অটো বিক্রি পরিশ্রমী নিউ ইয়র্কবাসীকে ক্ষতিগ্রস্ত করে চলেছে, এবং ভোক্তাদের সুরক্ষা দেওয়ার জন্য শক্ত ব্যবস্থা নেওয়া আমাদের জন্য অতি প্রয়োজনীয়। চুরি যাওয়া যানবাহন উদ্ধার, প্রতারণা ঠেকানো এবং অসৎ ব্যবসাগুলিকে দায়বদ্ধ করতে DMV-এর চেষ্টাগুলি হলো সকল যানবাহনের মালিকের জন্য ন্যায্যতা এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ ধাপ। অটো চুরি এবং প্রতারণার মোকাবেলা করার ব্যাপারে গভর্নর Hochul (হোকল) এবং DMV-এর প্রতিশ্রুতির জন্য আমি তাদের প্রশংসা করছি, এবং ভোক্তাদের সুরক্ষা জোরদার করা এবং আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার উদ্যোগগুলিকে সমর্থন করার ব্যাপারে আমি অঙ্গীকারবদ্ধ আছি।"

অ্যাসেম্বলির সদস্য William Magnarelli (উইলিয়াম ম্যাগনারেলি) বলেন, "DMV যেসব সেবা দেয় তার অনেকগুলির একটি মূল্যবান অংশ হলো ভোক্তাদের সুরক্ষা দেওয়া। অটো চুরির বিরুদ্ধে অভিযান করতে এবং নিউ ইয়র্কবাসীকে তাদের চুরি যাওয়া সম্পদ উদ্ধারে সাহায্য করতে রিসোর্স দিয়ে সমর্থন করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাতে চাই। এই বিনিয়োগগুলি কাজে লাগছে এবং নিউ ইয়র্কবাসীদের যে সুরক্ষা প্রাপ্য তা দিচ্ছে।"

যদিও বেশিরভাগ ব্যবসা পেশাদারিত্বের সাথে এবং দায়িত্বশীলভাবে চালানো হয়, কিন্তু যদি ভোক্তা বিশ্বাস করেন যে তাদের থেকে অন্যান্য দাম নেওয়া হয়েছে বা কম মাণের কাজ করা হয়েছে তাহলে তারা DMV-এর ওয়েবসাইটে একটি DMV-এর রেগুলেট করা ব্যবসা সম্পর্কে একটি অভিযোগ দায়ের করতে পারবে। এছাড়াও DMV ব্যবসাগুলিকে সাহায্য করে এবং যদি তারা কোনো অভিযোগের মুখোমুখি হয় তাহলে তাদের অধিকার সম্পর্কে তথ্য গাইড ফর ফ্যাসিলিটিজে (Guide for Facilities) দেওয়া আছে। এছাড়াও কোনো যানবাহনকে মেরামত করতে নেওয়ার সময়ের গাইডেন্স DMV দিয়ে থাকে।

শুধু রেজিস্টার্ড মেরামতের দোকানের সাথে চুক্তি করার জন্য DMV কাস্টোমারদের তাগিদ দিচ্ছে। কাস্টোমারদের উচিত দোকানের বাইরে একটি সবুজ ও সাদা রংয়ের "রেজিস্টার্ড স্টেট অফ নিউ ইয়র্ক মোটর ভেহিকেল রিপেয়ার শপ (Registered State of New York Motor Vehicle Repair Shop)" সাইন খোঁজা উচিত এবং ভেতরে একটি বৈধ নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের রেজিস্ট্রেশন সার্টিফিকেট খোঁজা উচিত।

DMV-এর রেগুলেট করা ব্যবসা খোঁজার একটি অনলাইন গাইড এজেন্সির ওয়েবসাইটে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন